তারিখঃ 8 JUL 1996
পৃষ্ঠা ৬ কলাম ৪

4

ভোরের কাগজ



ফটিকছড়ির কোটেরপাড় গ্রামে মোবাইল ট্রেড স্কুলের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন চট্টগ্রামের অতিরিক্ত পুলিশ সুপার মোহাম্মদ নাজমুল হক

## ফটিকছড়িতে মোবাইল ট্রেড স্কুল উদ্বোধন

# ছাত্রদের স্কুলে যেতে হবে না – শিক্ষকরাই ছাত্রদের ঘরে যাচ্ছে

চট্টগ্রাম অফিস ঃ অবিশ্বাস্য হলেও সত্য ছাত্র-ছাত্রিদের এখন আর স্কুলে যেতে হচ্ছে না-- শিক্ষক-শিক্ষিকারা ছাত্র-ছাত্রিদের ঘরে যাচ্ছে। শিক্ষকদের দিতে হচ্ছে না বেতন বরং ছাত্র-ছাত্রিরা উল্টো বেতন ভাতা পাচ্ছে। সারাদেশে এরকম ব্যতিক্রমধর্মী স্কুল প্রতিষ্ঠা করার উদ্যোগ নিয়েছে বেসরকারি সাহায্য সংস্থা 'কারিতাস'। সম্প্রতি ফটিকছড়ি থানার কোঠেরপাড় গ্রামে কারিতাস একটি মোবাইল ট্রেড স্কুল প্রতিষ্ঠা করেছে। এ স্কুলে ২৪ জন যুবককে ইঞ্জিনিয়ারিং ওয়েল্ডিং ও ২৪জন মহিলাকে সেলাই ও কুটির শিল্পের ওপর প্রশিক্ষণ দেয়া হচ্ছে। এখানে প্রশিক্ষণরত ছাত্র-ছাত্রিদের প্রতিদিন ১০ টাকা করে প্রতিমাসে ২৫০ টাকা ভাতা দেয়া হবে। মোবাইল ট্রেড স্কুলের এ প্রশিক্ষণের সময়সীমা ৬ মাস।

ফটিকছড়ি থানার কোঠেরপাড় বৌদ্ধ পাল্লিটোলের উদ্যোগে স্থানীয় ত্রিরত্নাঙ্কুর বিহার প্রাঙ্গণে গত ৫ জুলাই এরকম একটি মোবাইল ট্রেড স্কুলের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পাঁচকড়ি বড়ুয়া। এতে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম জেলার অতিরিক্ত পুলিশ সুপার নাজমুল হক। বিশেষ অতিথি ছিলেন- প্রবীণ সাংবাদিক বিমলেন্দু বড়ুয়া, সাংবাদিক অঞ্জন কুমার সেন, সাংবাদিক জুবায়ের সিদ্দিকী। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন- এ্যাডভোকেট শ্যামল বড়ুয়া, কাঞ্চন বড়ুয়া, হোসেন শহীদ মুফতি, করুণা কান্তি বড়ুয়া প্রমুখ।

অনুষ্ঠানের প্রধান অতিথি নাজমুল হক বলেন, বেকারের হাতকে কর্মীর হাতে পরিণত করতে এরকম মোবাইল ট্রেড স্কুলের বিকল্প নেই। তিনি বেকারত্বের হাত থেকে তরুণ সমাজকে রক্ষার আহবান জানান। উদ্বোধনী অনুষ্ঠান শেষে প্রধান অতিথি ফিতা কেটে মোবাইল ট্রেড স্কুলের উদ্বোধন করেন।